# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## রপ্তানি উন্নয়ন ব্যুরো

মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন
১,কাওরান বাজার, ঢাকা।

তারিখঃ ২৪ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ / ০৯ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৯৭৬.২৫-৩১৮৬

**বিষয়ঃ আগামী ১৪-১৬ এপ্রিল, ২০২৬ সময়ে নাইজেরিয়া-তে "Pharma West Africa" শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্ত।**

আগামী ১৪-১৬ এপ্রিল, ২০২৬ সময়ে নাইজেরিয়া-তে "Pharma West Africa" শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় Finished Formulations, OTC Medicines, APIs, Nutrition & Supplements, Pharma Manufacturing, manufacturing Equipment পণ্যাদি প্রদর্শন করা হবে। উল্লেখ্য, Finished Formulations, OTC Medicines, APIs, Nutrition & Supplements, Pharma Manufacturing, manufacturing Equipment পণ্য খাতের রপ্তানি বাজার অন্বেষণ এবং সম্প্রসারণের জন্য প্রস্তাবিত মেলাটি একটি আদর্শ প্লাটফর্ম। মেলার তথ্যাদি নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| মেলার নাম | : | "Pharma West Africa" |
| মেলার সময়কাল | : | 14-16 April, 2026 |
| মেলার ভেন্যু | : | Landmark Centre, Lagos, Nigeria |
| মেলা আয়োজনকারী সংস্থা | : | BtoB Events Ltd |
| বুথের সাইজ | : | 09 **sqm** |
| বুথ টাইপ | : | Shell Scheme |
| বুথ ভাড়া | : | USD 4201.00 (9 sqm) + USD 500.00 (for Per Booth Fascia pavilion Branding Cost)<br>বাংলাদেশী টাকায় ৫,৮৩,০০০.০০ (পাঁচ লক্ষ তিরাশি হাজার) মাত্র। |
| প্রদর্শনী পণ্য | : | Finished Formulations, OTC Medicines, APIs, Nutrition & Supplements, Pharma Manufacturing, manufacturing Equipment, etc. |

০২। উল্লেখ্য, মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বুথ মূল্যের উপর নিম্নরূপ হারে ভর্তুকী প্রদান করা হবে:

(ক) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য | "ক" | ৪৫% |
| ০২ | প্রারম্ভিক (কোন রপ্তানি নাই) | "খ" | ৫০% |

(খ) বিশেষ খাত:

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | নারী উদ্যোক্তা | - | ৬০% |

**স্মর্তব্য, সাবসিডি শুধুমাত্র একটি বুথের জন্য প্রযোজ্য। কোন প্রতিষ্ঠান বা কোন গ্রুপের Strategic Business Unit একের অধিক বুথ নিলে অতিরিক্ত বুথের জন্য ১০০% অর্থ প্রদান করতে হবে। শুধুমাত্র বুথ মূল্যের উপর ভর্তুকি প্রদান করা হবে।**

০৩। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার আগামী **৩১-১২-২০২৫** তারিখের মধ্যে স্ব-স্ব এসোসিয়েশনের মাধ্যমে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউন লোড করা যাবে। আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেডলাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী সর্বোচ্চ ০২ জন (দুই জন) প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য, মেলা সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাদির জন্য জনাব মোহাম্মদ মকবুল হোসাইন (মেলা ও প্রদর্শনী বিভাগ) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। (ফোন নম্বর: ০১৮৮৫৮৪৭২৫১)

০৪। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়-দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।

০৭/১১/২০২৫

(মাহমুদুল হাসান)
পরিচালক (যুগ্ম সচিব)
মেলা ও প্রদর্শনী বিভাগ

**বিতরন : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১. President, Bangladesh Association of Pharmaceutical Industries (BAPI), Navana Osman @ Link (Level-4), 214/D Bir Uttam Mir Shawkat Avenue, Tejgaon- Gulshan Link Road, Dhaka-1208. E-mail: info@bapi-bd.com.

০২. President, Bangladesh Medical Association (BMA), BMA Bhaban, 15/2 Topkhana Road, Dhaka-1000. E-mail: bma.org.bd@gmail.com

০৩. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। পিএ টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। পিএ টু মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। পিএ টু পরিচালক (মেলা ও প্রদর্শনী বিভাগ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।